

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহ কর্তৃক প্রেরিত ২০১৯-২০২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ৩য় কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনার জন্য নৈতিকতা কমিটির Zoom সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ রেজাউল আহসান,
তারিখ : ০৩/০৫/২০২০ খ্রি:
সময় : সকাল ১০.৩০ ঘটিকা।
সভার স্থান : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ।

উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট - 'ক'-তে দেয়া হলো।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের ৩য় কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা ০৩/০৫/২০২০ খ্রি: তারিখে ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভাপতি জুম সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল-এর টিম প্রধান মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

আলোচনা :


NIS-এর টিম প্রধান জনাব মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-এ বিভাগের দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের পরিবীক্ষন ছক মোতাবেক ৩য় কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি জানান কোভিড-১৯ এর মহামারিজনিত কারণে যথাসময়ে সভা অনুষ্ঠিত হয়নি, সীমিত আকারে অফিস খুলে দেওয়ায় অদ্য জুম সভা অনুষ্ঠিত হয়েছে। অধিনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০১৯-২০ NIS-এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। এ বিভাগের ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সূচক নং-৩.১,৩.২,৩.৫, এর দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। বিগত ১২/০১/২০২০ তারিখের সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে।

অতঃপর সচিব মহোদয় অবহিত করেন যে, কোভিড-১৯ এর কারণে সকল কার্যক্রম প্রায় ১ মাস বন্ধ থাকায় এবিভাগের বিভিন্ন শাখার কার্যক্রম সম্পূর্ণ হয়নি। স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক যথাযথভাবে সীমিত আকারে অফিসের কার্যক্রম সম্পাদন করা হচ্ছে।

সভায় সকল বিষয়ে আলোচনা পূর্বক নিম্নে উল্লিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

- ক) নথি বিনষ্ট করণের জন্য কমিটির সভা আহ্বান পূর্বক নথি বিনষ্টযোগ্য তালিকা অনুযায়ী নথি বিনষ্ট করতে হবে।
- খ) শুদ্ধাচার পুরস্কার নীতমালা-২০১৭ অনুযায়ী এবিভাগের ২০১৯-২০ অর্থ বছরের এবিভাগের কর্মকর্তা/কর্মচারীদের মনোনয়ন প্রদান করতে হবে।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ রেজাউল আহসান)

সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ সেল
www.rdc.gov.bd



বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ের উন্নয়ন


স্মারক নং : ৪৭.০০.০০০০.০৪৬.১৬.০০১.২০.৫১(ক)

১৫ বৈশাখ, ১৪২৭ বঙ্গাব্দ।
তারিখ :
২৮ এপ্রিল, ২০২০ খ্রিস্টাব্দ।

সভার নোটিশ

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের ৩য় কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভা ০৩/০৫/২০২০ খ্রি: তারিখে রোজ রবিবার সকাল ১০.৩০ ঘটিকায় এ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সম্মেলন কক্ষে (কক্ষ নং-৬৩৩, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় অত্র বিভাগের নৈতিকতা কমিটির সদস্যগণকে সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(নাহরিন সুলতানা)

সহকারী সচিব

ফোন: ৯৫৭৫৫৭০

e-mail: apa.rdc@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ০১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫-কাওরান বাজার, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট/প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০৩। মহাপরিচালক, আরডিএ, বগুড়া/বাপার্ড, গোপালগঞ্জ/ বার্ড, কুমিল্লা।
- ০৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি:, তেঁজগাও, ঢাকা।
- ০৫। যুগ্মসচিব (আইন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০৬। উপসচিব এপিএ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০৭। এপিএ টিমের সদস্যগণ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

অনুলিপি :

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০২। অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
- ০৩। অফিস কপি।